382

দৈনিক ইত্তেফাক

তারিখ JAN 11 1999
পৃষ্ঠা ৪ কলাম ৩

## কুমিল্লা ভিক্টোরিয়া কলেজে

রমজান মাসে কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ বন্ধ রাখিবার কারণ ২৪.১২.৯৮ তারিখে দৈনিক ইত্তেফাকের একটি সংবাদে প্রকাশিত হইয়াছে। শুধু রমজানেই নয়– ব্যক্তিস্বার্থে বিভিন্ন সময়ে সামান্য অজুহাতে কলেজ বন্ধ রাখা হয়। ইহাতে ছাত্র/ছাত্রীদের লেখাপড়ার ক্ষতি সাধিত হয়। অতীতে দশ/বার সহস্র ভর্তিচ্ছু আবেদনকারী ছাত্র/ছাত্রীর নিকট হইতে ৩ পাতার প্রসপেক্টাস বাবদ ১০০/- টাকা হারে অর্থ আদায় করিয়া তাহা ব্যক্তির ভোগে লাগানো হইত। মাত্র কিছুদিন হইল চাপের মুখে তাহা বন্ধ করা হইয়াছে। তবে অতিরিক্ত ফি আদায়, গাছ কাটা, মসজিদের নামে লক্ষ লক্ষ টাকা আদায়, যন্ত্রপাতি ও বই কেনা এবং টেন্ডারকারীদের যোগসাজসে পুরাতন বিল্ডিং অল্প মূল্যে বিক্রি ও বিভিন্ন অবৈধ কাজ এই কলেজে এখনও চলিতেছে। কলেজ বন্ধ থাকিলে সংশ্লিষ্টদের অপকর্মে সুবিধা হয়, তাই সরকারের সিদ্ধান্ত অমান্য করিয়া কলেজের দুইটি শাখাই বন্ধ রাখা হইয়াছে। ছাত্র/ছাত্রীদের কল্যাণের জন্য ঐতিহ্যবাহী এই কলেজে চলমান উক্ত সকল দুর্নীতি ও অনিয়মের প্রতিকারের ব্যবস্থা নিতে মাননীয় শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

আমিনুল হক
আবদুর রহমান,
২৬ বাগিচাগাঁও, কুমিল্লা-৩৫০০।